

সোনালী ব্যাংক লিমিটেড

কার্ড ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা

প্রধান কার্যালয় পরিপত্র নম্বরঃ ০৪৬

কার্ড ডিভিশনের পত্র নম্বর : ২৩০০

তারিখ : ২৩.১২.২০১৩

জেনারেল ম্যানেজার/সিনিয়র কনসালটেন্ট/  
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার  
জেনারেল ম্যানেজারস অফিস/স্থানীয় কার্যালয়/  
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/প্রিন্সিপাল অফিস/  
স্টাফ কলেজ/আঞ্চলিক কার্যালয়/ট্রেনিং ইন্সটিটিউট/  
সকল শাখা  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ

মহোদয়, ক্রেডিট কার্ডের নীতিমালায় আংশিক পরিবর্তন প্রসংগে।

সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় ইন্ডেহার নম্বর-৬২, তারিখ ১০.০২.২০১০, প্রধান কার্যালয়ের পরিপত্র নম্বর-২৮৯, তারিখ: ২১.০৪.২০১১ এবং প্রধান কার্যালয়ের পরিপত্র নম্বর-৩২৬, তারিখ ২১.০৯.২০১১ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

৩.০০ঃ কর্তৃপক্ষের অনুমোদনক্রমেঃ "Sonali Credit Card" নামে কার্ড ইস্যুর নীতিমালায় নিম্নলিখিত পরিবর্তন আনা হয়েছে যা অবিলম্বে কার্যকর হবেঃ


ক্রমিক	বিষয়	বিদ্যমান নীতিমালা	প্রস্তাবিত নীতিমালা
(অনুচ্ছেদ-৩)	গ্রাহক নির্বাচন	২. সোনালী ব্যাংক লিমিটেড এর কর্মকর্তাবৃন্দ।	২. সোনালী ব্যাংক লিমিটেড এর কর্মকর্তাবৃন্দ। সোনালী ব্যাংক লিমিটেড এর এক্সিকিউটিভ অফিসার ও তদূর্ধ্ব কর্মকর্তা এবং নির্বাহীবৃন্দের গ্যারান্টি প্রদান সাপেক্ষে অন্যান্য প্রতিষ্ঠানে চাকুরীরত অথবা ব্যবসা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদেরকে ক্রেডিট কার্ড ইস্যু করা যাবে। সোনালী ব্যাংকের একজন কর্মকর্তার বেতন বিবেচনায় তার গ্যারান্টি প্রদান সাপেক্ষে ২ জন কে ক্রেডিট কার্ড দেয়া যেতে পারে। সকল ক্রেডিটকার্ড-এর আবেদনকারীর TIN থাকতে হবে।
(অনুচ্ছেদ-৬)	ঋণসীমা	সোনালী ব্যাংক লিমিটেড এ -কর্মরতদের ক্ষেত্রেঃ ক) জেনারেল ম্যানেজার ও তদূর্ধ্ব পদবীর নির্বাহী : ২.০০ লক্ষ টাকা খ) ডেপুটি জেনারেল ম্যানেজার ও এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজারঃ ১.৫০ লক্ষ টাকা গ) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ০.৭৫ লক্ষ টাকা ঘ) এক্সিকিউটিভ অফিসার ০.৭৫ লক্ষ টাকা ঙ) সিনিয়র অফিসার তদনিল্ম কর্মকর্তা ০.৫০ লক্ষ টাকা	সোনালী ব্যাংক লিমিটেড এর ক্ষেত্রেঃ ক) জেনারেল ম্যানেজার ও তদূর্ধ্ব পদবীর নির্বাহী : ৩.০০ লক্ষ টাকা খ) ডেপুটি জেনারেল ম্যানেজার ও এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজারঃ ২.০০ লক্ষ টাকা গ) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ১.৫০ লক্ষ টাকা ঘ) এক্সিকিউটিভ অফিসার ১.০০ লক্ষ টাকা ঙ) সিনিয়র অফিসার ও অফিসার ০.৭৫ লক্ষ টাকা চ) সোনালী ব্যাংক লিমিটেড এর এক্সিকিউটিভ অফিসার ও তদূর্ধ্ব কর্মকর্তা এবং নির্বাহীবৃন্দের গ্যারান্টি প্রদান সাপেক্ষে অন্যান্য প্রতিষ্ঠানে চাকুরীরত কর্মকর্তাদেরকে ক্রেডিট কার্ড ইস্যুর ক্ষেত্রে ক্রেডিট কার্ডের ঋণ সীমা আবেদনকারীর তিন মাসের মূল বেতনের সমপরিমান ছ. সোনালী ব্যাংক লিমিটেড এর এক্সিকিউটিভ অফিসার ও তদূর্ধ্ব কর্মকর্তা এবং নির্বাহীবৃন্দের গ্যারান্টি প্রদানের সাপেক্ষে ব্যবসায়ীবৃন্দের জন্য ১.০০ লক্ষ টাকা


ক্রমিক	বিষয়	বিদ্যমান নীতিমালা	প্রস্তাবিত নীতিমালা
০৭.	কার্ডের মেয়াদ	১(এক) বৎসর। তবে সন্তোষজনক লেনদেনের প্রেক্ষিতে নবায়ন/বর্ধিত করা যেতে পারে।	কার্ডের মেয়াদ এবং ঋণের মেয়াদ ২ বৎসর। পরবর্তীতে ঋণ নবায়নের ক্ষেত্রে অন্যান্য সিসি, এসএমই ঋণের অনুরূপ গ্রাহকদের সন্তোষজনক লেনদেন বিবেচনায় ডেবিট স্থিতি ঋণ সীমার মধ্যে থাকলে ঋণ নবায়ন করা যেতে পারে।
০৯.	বয়স সীমা	৫৫ বৎসর	ক্রেডিট কার্ডের আবেদনকারীর বয়সসীমা ৫৯ বৎসর এবং মুক্তিযোদ্ধা আবেদনকারীর বয়সসীমা ৬০ বৎসর হবে। ক্রেডিট সুবিধা উল্লেখিত বয়স উত্তীর্ণ হওয়া মাত্র বাতিল হবে।
(অনুচ্ছেদ-১২(২))	চার্জ ডকুমেন্ট	F-245 বর্তমান নং F--১০৬	F-108 তবে সোনালী ব্যাংকের কর্মকর্তাদের গ্যারান্টি প্রদান সাপেক্ষে ক্রেডিট কার্ড ইস্যুর ক্ষেত্রে প্রযোজ্য ডকুমেন্ট দাখিল করতে হবে।
(অনুচ্ছেদ-১৩)	ঋণমঞ্জুরীকারী কর্তৃপক্ষ	কার্ড ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। কার্ড ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার- ১.০০ লক্ষ টাকা পর্যন্ত কার্ড ডিভিশনের জেনারেল ম্যানেজার-১.০০ লক্ষ টাকার অধিক।	কার্ড ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা কার্ড ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার- ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত কার্ড ডিভিশনের জেনারেল ম্যানেজার ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত।

৪.০০ঃ ক্রেডিট কার্ড হারিয়ে গেলে জিডি এবং পুনরায় কার্ড ইস্যুর আবেদন শাখার সুপারিশসহ জিডির সত্যায়িত ফটোকপি কার্ড ডিভিশনে প্রেরণ করতে হবে। কার্ড নষ্ট হলে নতুন কার্ড ইস্যুর আবেদন শাখার সুপারিশসহ নষ্ট হওয়া কার্ডটি কার্ড ডিভিশনে পাঠাতে হবে তবে Expired কার্ড পাঠাতে হবে না।

৫.০০ উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। নীতিমালার অন্যান্য শর্তসমূহ অপরিবর্তিত থাকবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে এই বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

  
(কানিজ ফাতেমা চৌধুরী)  
ডেপুটি জেনারেল ম্যানেজার

  
(মো. সাহিদ হোসাইন)  
জেনারেল ম্যানেজার